

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ জুন, ২০১৪/ ০৪ আষাঢ়, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১১১ 'বাংলাদেশ কোস্টগার্ড আইন, ২০১৪'-এর খসড়া পর্যালোচনা এবং মন্ত্রিসভা-বৈঠকের পর্যবেক্ষণের আলোকে উক্ত খসড়া সংশোধন, পরিমার্জন ও পুনর্গঠনের জন্য সরকার নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করিয়াছেঃ

(ক) কমিটির গঠনঃ

(১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	-	সভাপতি
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	-	সদস্য
(৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	-	সদস্য
(৪) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়	-	সদস্য
(৫) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	-	সদস্য

(খ) কমিটির কার্যপরিধিঃ

কমিটি 'বাংলাদেশ কোস্টগার্ড আইন, ২০১৪'-এর খসড়া পর্যালোচনান্তে গত ১৬-০৬-২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের পর্যবেক্ষণের আলোকে উক্ত খসড়ার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও পুনর্গঠনের পর উহা চূড়ান্ত করিবে।

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় উপর্যুক্ত কমিটি কর্তৃক চূড়ান্তকৃত খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণপূর্বক মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করিবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

*Programmer*  
১৮/৬/১৪

রাষ্ট্রপতির আদেশক্রমে

*১৮/৬/১৪*

(মোঃ নুরুল করিম)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল ]